# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়, কৃষিব্যাংক ভবন
৮৩-৮৫, মতিঝিল বানিজ্যিক এলাকা, ঢাকা
মানিলন্ডারিং প্রতিরোধ সেল

ইমেইল: dcamlco@krishibank.org.bd
ফোন: ০২-৪৭১২০৫১৩


নং-প্রকা/আরএমডি-৩০(এএমএল)/২০২২-২০২৩/৯৫১

তারিখ ঃ ২৫-০৯-২০২২ইং

০১। উপমহাব্যবস্থাপক, নিরীক্ষা বিভাগ, প্রকা, ঢাকা।
০২। উপমহাব্যবস্থাপক, সকল বিভাগীয় নিরীক্ষা কার্যালয়
০৩। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, সকল আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় ঃ শাখা পরিদর্শন/নিরীক্ষা কার্যক্রম সম্পাদনকালে Independent Testing Procedures সংক্রান্ত প্রতিবেদন "মানিলন্ডারিং প্রতিরোধ সেল" এর পরিবর্তে নিরীক্ষা বিভাগে প্রেরণ প্রসঙ্গে।

বিএফআইইউ সার্কুলার নং-২৬ ; তারিখ ১৬-০৬-২০২০ ইং এর অনুচ্ছেদ নং ৮.২(৩) অনুযায়ী অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ পরিদর্শিত/নিরীক্ষিত শাখা সমূহের রেটিং সম্বলিত প্রতিবেদনের কপি ব্যাংকের মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ বিভাগ বরাবরে প্রেরণ করার নির্দেশনা রয়েছে। উক্ত সার্কুলারের ৮ নং অনুচ্ছেদের নির্দেশনা অনুযায়ী অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগের মাধ্যমে শাখাসমূহ হতে প্রাপ্ত প্রতিবেদন সমূহ মানিলন্ডারিং প্রতিরোধ সেল/বিভাগ মূল্যায়ন করার নির্দেশনা রয়েছে।

২। এমতাবস্থায়, মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ বিভাগ কর্তৃক মূল্যায়নের উদ্দেশ্যে আঞ্চলিক নিরীক্ষা কার্যালয় প্রণীত শাখার উপর Independent Testing Procedures ভিত্তিক প্রতিবেদন নিরীক্ষা বিভাগের মাধ্যমে সংগ্রহকরণে নিম্নবর্ণিত নির্দেশনা প্রদান করা হলো ঃ

ক) আঞ্চলিক নিরীক্ষা কার্যালয় তাদের নিজস্ব এবং স্বাভাবিক পরিদর্শন কর্মসূচি অনুযায়ী শাখা নিরীক্ষা কার্যক্রম পরিচালনাকালে মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ সংক্রান্ত নির্ধারিত চেকলিস্ট অনুসারে Independent Testing Procedures ভিত্তিক প্রতিবেদন প্রস্তুত করবে এবং শাখার রেটিং নির্ধারণপূর্বক মূল্যায়ন প্রতিবেদন বিভাগীয় নিরীক্ষা কার্যালয়ে প্রেরণ করবে।

খ) বিভাগীয় নিরীক্ষা কার্যালয় জুলাই- ডিসেম্বর মাসে নিরীক্ষিত শাখা সমূহের Independent Testing Procedures ভিত্তিক প্রতিবেদন ডিসেম্বর মাসের ৩১ তারিখের মধ্যে এবং জানুয়ারী-জুন মাসে নিরীক্ষিত শাখা সমূহের উক্ত প্রতিবেদন জুন মাসের ৩০ তারিখের মধ্যে প্রধান কার্যালয়ের নিরীক্ষা বিভাগে প্রেরণ করবে।

গ) নিরীক্ষা বিভাগ জুলাই- ডিসেম্বর ষান্মাষিকের প্রতিবেদন জানুয়ারী মাসের ১০ তারিখ এবং জানুয়ারী-জুন ষান্মাষিকের প্রতিবেদন জুলাই মাসের ১০ তারিখের মধ্যে মানিলন্ডারিং প্রতিরোধ সেল/বিভাগ এ প্রেরণ করবে।

ঘ) নিরীক্ষা বিভাগ জুন ষান্মাষিকের প্রতিবেদন প্রেরণকালে দুই ষান্মাষিক মিলে সকল শাখার প্রতিবেদন প্রাপ্তি নিশ্চিত করবে। জুলাই-জুন পর্যন্ত কোন শাখা অনিরীক্ষিত থাকলে তা উল্লেখ করতে হবে।

অনুমোদনক্রমে-

25.09.2022

(আ. স. ম. বাবর)
উপমহাব্যবস্থাপক
ও
উপপ্রধান মানিলন্ডারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা
(DCAMLCO)

নং-প্রকা/আরএমডি-৩০(এএমএল)/২০২২-২০২৩/৯৫১

তারিখ ঃ ২৫-০৯-২০২২ ইং

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ ঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক-১ও ৩ মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা। পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
০৪। নথি/মহানথি।

H:\My Drive\FAHMIDA\ITP\U Note.doc